KINGCREATOR
CREATING CREATIVITY

মার্কেটিং অ্যাসোসিয়েট রিক্রুটমেন্ট গাইড

01752 212 222
https://www.fb.com/kingcreator
www.kingcreator.com

কিংক্রিয়েটর সম্পর্কে সংক্ষেপে পরিচিতি

KINGCREATOR
CREATING CREATIVITY

কিংক্রিয়েটর একটি উদ্ভাবনী প্রযুক্তি প্রতিষ্ঠান, যা আধুনিক সফটওয়্যার এবং ডিজিটাল সল্যুশনের মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানের কার্যক্রম সহজ করে তুলছে। কিংক্রিয়েটরে আমরা ক্লাউড বেজড (অনলাইন) সফট্ওয়্যার তৈরী করে থাকি, পাশাপাশি ব্যাক্তিগত, ব্যবসায়িক বা ই-কমার্স ভিত্তিক ওয়েবসাইটও তৈরী করি এবং যে কোন ধরণের ডিজিটাল কন্টেন্ট তৈরীর পাশাপাশি আই.টি কনসাল্টেশন ও ডিজিটাল মার্কেটিং করে থাকি।

কিংক্রিয়েটর ২০১৩ সালের সেপ্টেম্বর মাসে যাত্রা শুরু করে এবং ২০২০ সাল থেকে মূল কার্যক্রম শুরু করে। বাংলাদেশের ওয়েব ও সফটওয়্যার ডেভেলপমেন্ট কমিউনিটিকে শক্তিশালী করা এবং উন্নতমানের ডিজিটাল সেবা সহজলভ্য ও সাশ্রয়ী মূল্যে পৌঁছে দেওয়াই কিংক্রিয়েটরের মূল লক্ষ্য।

বর্তমানে ডিজিটাল সেবার চাহিদা অনেক। ওয়েবসাইট, ওয়েব অ্যাপ্লিকেশন, কাস্টমাইজড সফটওয়্যার এবং গ্রাফিক্যাল কনটেন্টের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তবে বাংলাদেশের সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে মানসম্মত সেবাদাতা প্রতিষ্ঠানের সংখ্যা সীমিত। অনেক প্রতিষ্ঠান শুধুমাত্র মুনাফার উদ্দেশ্যে কাজ করলেও, কিংক্রিয়েটর সবসময় গ্রাহকের সন্তুষ্টি ও আন্তর্জাতিক মানের সেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা বিশ্বাস করি, সঠিক দিকনির্দেশনা ও মানসম্পন্ন সেবা গ্রাহকদের ব্যক্তিগত ও ব্যবসায়িক সফলতায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই, আমরা উন্নতমানের ডিজিটাল সেবা সুলভ মূল্যে নিশ্চিত করার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছি।

https://www.fb.com/kingcreator https://www.kingcreator.com

আমাদের অন্যতম প্রধান সফটওয়্যার সমূহ



কিংক্রিয়েটর এন্টারপ্রাইজ ম্যানেজমেন্ট সিস্টেম (EMS)

ই-কমার্স ওয়েবসাইট (সিংগেল ও মাল্টি-ভেন্ডর)



কিংক্রিয়েটর ভার্চুয়াল অফিস

কিংক্রিয়েটর এন্টারপ্রাইজ ম্যানেজমেন্ট সিস্টেম (EMS)



https://kingcreator.com/ems

কিংক্রিয়েটর ইএমএস একটি ক্লাউড-ভিত্তিক সফটওয়্যার, যা ব্যবসায়িক কার্যক্রমের সামগ্রিক ব্যবস্থাপনার জন্য ডিজাইন করা হয়েছে। এই সিস্টেমের মাধ্যমে ইনভেন্টরি, ক্রয়, বিক্রয়, আর্থিক লেনদেন এবং রিপোর্টিং কার্যক্রম সমন্বিতভাবে পরিচালনা করা যায়। EMS ব্যবস্থায় রিয়েল-টাইম রিপোর্টিং, ড্যাশবোর্ড, গ্রাহক ও সরবরাহকারী ব্যবস্থাপনা, ফাইন্যান্স ও ইনভয়েসিং সিস্টেম এবং এডমিন রোল ম্যানেজমেন্ট সুবিধা অন্তর্ভুক্ত রয়েছে। কিংক্রিয়েটর ইএমএস ব্যবসায়িক কার্যক্রমে স্বচ্ছতা বৃদ্ধি করে এবং সিদ্ধান্ত গ্রহণে কার্যকর সহায়তা প্রদান করে।

ই-কমার্স ওয়েবসাইট (সিংগেল ও মাল্টি-ভেন্ডর)

কিংক্রিয়েটর ই-কমার্স ওয়েবসাইট একটি আধুনিক এবং ব্যবহারবান্ধব প্ল্যাটফর্ম, যা সিংগেল এবং মাল্টি-ভেন্ডর উভয় ধরনের ব্যবসায়িক মডেলের জন্য উপযুক্ত। সিংগেল-ভেন্ডর সাইটের মাধ্যমে একজন বিক্রেতা তার পণ্য বা সেবা অনলাইনে প্রদর্শন, প্রচার এবং বিক্রি করতে পারেন। অন্যদিকে, মাল্টি-ভেন্ডর প্ল্যাটফর্মে একাধিক বিক্রেতা তাদের পণ্য আপলোড করে বিক্রি করতে পারেন। বিক্রেতাদের জন্য সহজ রেজিস্ট্রেশন, পণ্য ব্যবস্থাপনা, অর্ডার গ্রহণ, পেমেন্ট প্রসেসিং এবং গ্রাহক সেবা পরিচালনার সুবিধা অন্তর্ভুক্ত রয়েছে। এই সিস্টেমের মাধ্যমে ইনভেন্টরি ম্যানেজমেন্ট, সিকিউর পেমেন্ট গেটওয়ে, অর্ডার ট্র্যাকিং, গ্রাহক রিভিউ, এবং মার্কেটপ্লেস অ্যাডমিনিস্ট্রেশন সহজে পরিচালনা করা যায়, যা ব্যবসায়িক কার্যক্রমকে আরও সহজ ও কার্যকর করে তোলে।

https://kingcreator.com/ecommerce

কিংক্রিয়েটর ভার্চুয়াল অফিস



https://kingcreator.com/virtual-office

কিংক্রিয়েটর ভার্চুয়াল অফিস হলো একটি অনলাইন প্ল্যাটফর্ম, যার মাধ্যমে প্রতিষ্ঠানগুলো তাদের দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করতে পারে। এই সিস্টেমের মাধ্যমে অফিসিয়াল ডকুমেন্ট শেয়ারিং, টাস্ক অ্যাসাইনমেন্ট, প্রজেক্ট ম্যানেজমেন্ট এবং কর্মীদের কার্যক্রম পর্যবেক্ষণ করা যায়। ভার্চুয়াল অফিস প্ল্যাটফর্মটি রিয়েল-টাইম কমিউনিকেশন, ডেটা স্টোরেজ, সময় নির্ধারণ এবং কর্মক্ষমতা ট্র্যাকিং সুবিধা প্রদান করে। এটি বিশেষভাবে স্টার্টআপ, ছোট ও মাঝারি এবং রিমোট টিম ব্যবস্থাপনার জন্য উপযুক্ত।

মার্কেটিং অ্যাসোসিয়েট কী এবং কেনো?

একজন KingCreator Marketing Associate হল এমন একজন ব্যক্তি, যিনি তার নিজ জেলায় KingCreator-এর পণ্য ও সার্ভিস প্রচার ও বিক্রয় করবেন। তিনি আমাদের ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে কাজ করবেন এবং স্থানীয় ব্যবসায়ীদের আমাদের সফটওয়্যার ব্যবহারে আগ্রহী করে তুলবেন।

KingCreator-এর লক্ষ্য হলো সারা বাংলাদেশে আমাদের পণ্য ও সেবা পৌঁছে দেওয়া। এজন্য আমরা "মার্কেটিং অ্যাসোসিয়েট" পদে দক্ষ ও উদ্যমী ব্যক্তিদের খুঁজছি, যারা নিজেদের জেলায় KingCreator-এর প্রতিনিধিত্ব করবে এবং আমাদের সফটওয়্যার ও পরিষেবা বিভিন্ন ব্যবসা, প্রতিষ্ঠান কিনবা উদ্যোক্তার কাছে পৌঁছে দেবে।

একজন মার্কেটিং অ্যাসোসিয়েট -এর মূল দায়িত্বসমূহ

- ✅ নিজের জেলায় KingCreator-এর প্রতিনিধিত্ব করা
- ✅ সফটওয়্যারের ডেমো দেখানো ও বিক্রয় কার্যক্রম পরিচালনা করা
- ✅ নতুন ক্লায়েন্ট সংগ্রহ করা এবং তাদের জন্য সাপোর্ট নিশ্চিত করা
- ✅ ব্যবসায়ীদের কাছে সফটওয়্যার সমূহের সুবিধা তুলে ধরা
- ✅ KingCreator-এর পক্ষ থেকে আয়োজিত ট্রেনিং ও ইভেন্টে অংশগ্রহণ করা
- ✅ মার্কেটিং ক্যাম্পেইন ও প্রচার-প্রচারণায় অংশগ্রহণ করা

যোগ্যতা ও দক্ষতা

আমরা এমন যোগ্য প্রার্থীদের খুজছি, যারা নিচে উল্লেখিত দক্ষতা ও অভিজ্ঞতাসম্পন্ন

- 🎯 স্থানীয় ব্যবসা পরিবেশ সম্পর্কে ভালো ধারণা থাকতে হবে
- 🎯 মার্কেটিং বা সেলস সংক্রান্ত পূর্ব অভিজ্ঞতা (অগ্রাধিকার দেওয়া হবে)
- 🎯 ভালো যোগাযোগ ও বিক্রয় কৌশলের দক্ষতা
- 🎯 প্রযুক্তিগত বিষয়ে আগ্রহ ও শেখার মানসিকতা
- 🎯 স্বনির্ভরভাবে কাজ করার ক্ষমতা ও উদ্যোক্তা মানসিকতা
- 🎯 সপ্তাহে ৮-১০ ঘন্টা বাড়তি সময় থাকতে হবে
- 🎯 নিজস্ব কম্পিউটার/ল্যাপটপ থাকতে হবে

কী সুবিধা পাওয়া যাবে?

একজন KingCreator Marketing Associate হিসেবে কাজ করলে আপনি পাবেন:

- 💰 আকর্ষণীয় কমিশন ও ইনসেনটিভ। (সফল বিক্রয়ে কমিশন)
- 📈 বিক্রয় বৃদ্ধির উপর বোনাস সুবিধা।
- 🎓 বিনামূল্যে মার্কেটিং ও সেলস ট্রেনিং।
- 🌍 নিজের জেলায় KingCreator-এর প্রতিনিধি হওয়ার সুযোগ।
- 📢 KingCreator-এর বিভিন্ন ক্যাম্পেইন ও ইভেন্টে অংশগ্রহণের সুযোগ।
- 🤝 দীর্ঘমেয়াদী ক্যারিয়ারের সম্ভাবনা।

কিভাবে আবেদন করবেন?

KingCreator Marketing Associate হিসেবে যোগ দিতে চাইলে নিচের ধাপ অনুসরণ করে আবেদন করুন

✅ সম্পূর্ণ বিনামূল্যে আবেদন ফর্ম পূরণ করুন

আমাদের নির্দিষ্ট অনলাইন ফর্ম পূরণ করে সাবমিট করুন। ফর্ম লিংক - https://kingcreator.com/marketing-associate

✅ নির্বাচিত হলে ইন্টারভিউ দিন

আমাদের টিম আপনার আবেদন পর্যালোচনা করে যোগ্য প্রার্থীদের অনলাইন ইন্টারভিউতে ডাকবে।

✅ ট্রেনিং সম্পন্ন করুন

নির্বাচিত হলে, KingCreator-এর ট্রেনিং (অনলাইন) প্রোগ্রামে অংশগ্রহণ করতে হবে।

✅ চুক্তি সম্পন্ন করে কাজ শুরু করুন

সফলভাবে ট্রেনিং শেষ হলে আপনাকে অফিশিয়ালভাবে KingCreator Marketing Associate হিসেবে নিয়োগ দেওয়া হবে।

নীতিমালা ও শর্তাবলী

কমিশন ও পেমেন্ট পলিসি

- প্রতিটি সফল বিক্রয়ের উপর নির্দিষ্ট পরিমাণ কমিশন প্রদান করা হবে।
- নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের পর অতিরিক্ত ইনসেনটিভ পাওয়া যাবে।
- কমিশন পেমেন্ট প্রতি মাসের নির্দিষ্ট সময়ে প্রদান করা হবে।

মার্কেটিং আচরণবিধি

- পেশাদারিত্ব বজায় রেখে মার্কেটিং কার্যক্রম পরিচালনা করতে হবে।
- কোনো ভুল তথ্য বা প্রতারণামূলক উপস্থাপনা করা যাবে না।
- KingCreator-এর ব্র্যান্ড ইমেজ নষ্ট হয় এমন কোনো কার্যক্রমে অংশ নেওয়া যাবে না।
- KingCreator-এর নীতিমালা লঙ্ঘন করলে বা অযোগ্য প্রমাণিত হলে নিয়োগ বাতিল হতে পারে।
- KingCreator-এর নাম, লোগো এবং অন্যান্য ব্র্যান্ড উপাদান যথাযথভাবে ব্যবহার করতে হবে।
- নির্ধারিত পদ্ধতিতে ক্লায়েন্টদের সাথে যোগাযোগ করতে হবে।

KingCreator Marketing Associate হওয়া কোনো **ফুল-টাইম চাকরি নয়,**
বরং একটি **পার্ট-টাইম কমিশন-ভিত্তিক** কাজ,
যা আপনার বর্তমান কাজের পাশাপাশি, **বাড়তি আয়ের সুযোগ** তৈরি করবে

যোগাযোগের তথ্য

আপনার যদি আরও কোনো প্রশ্ন থাকে, তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন:

হটলাইন: +8801752212222
ইমেইল: contact@kingcreator.com
ওয়েবসাইট: www.kingcreator.com
অফিস ঠিকানা: মল্লিকপাড়া, মেহেরপুর সদর, মেহেরপুর-৭১০০